NYC-তে গাঁজা: আপনার অধিকার সম্পর্কে জানুন

নিউ ইয়র্ক স্টেটে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা (মারিজুয়ানা) বৈধ।

3 oz **24 g**

21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের কাছে **3** আউন্স পর্যন্ত গাঁজার ফুল বা কুঁড়ি, বা **24** গ্রাম পর্যন্ত ঘনীভূত গাঁজা যেমন তেল বা ভ্যাপস থাকতে পারে এবং শেয়ার করতে পারে (কিন্তু বিক্রি নয়)।

21 বছর বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্করা বেশিরভাগ জায়গায়, যেখানে তামাক ধূমপানের অনুমতি রয়েছে, সেখানে গাঁজার ধূমপান বা ভ্যাপস নিতে পারেন।

নিউ ইয়র্কের মেডিকেল গাঁজা-সম্বন্ধীয় প্রোগ্রাম প্রসারিত করা হয়েছে। পরিবর্তন সম্পর্কে তথ্যের জন্য, **cannabis.ny.gov/medical-cannabis**-এ যান।

গাঁজা বিক্রি এখনও অনুমোদিত নয়। বৈধভাবে গাঁজা কেনা এবং চাষ করা সম্পর্কে আপ-টু-ডেট তথ্যের জন্য, **cannabis.ny.gov**-এ যান।

কর্মসংস্থান

- নিয়োগকর্তারা কাজের সময়ের বাইরে আইনত গাঁজা ব্যবহার করার জন্য লোকদের বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারেন না। নিয়োগকর্তারা এমন নীতি তৈরি এবং প্রয়োগ করতে পারেন যা কর্মক্ষেত্রে অক্ষম অবস্থা বা ব্যবহার নিষিদ্ধ করে। আপনার নিয়োগকর্তাকে তাদের নির্দিষ্ট গাঁজা সম্পর্কিত নীতির বিষয়ে জিজ্ঞাসা করুন।

- নিয়োগকর্তারা এমন লোকদের বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারেন যারা কর্মক্ষেত্রে গাঁজা সেবনের ফলে অক্ষম অবস্থায় রয়েছেন বা গাঁজা ব্যবহার করছেন।
  - আরো তথ্যের জন্য, **dol.ny.gov**-এ যান এবং সন্ধান করুন **"workplace cannabis" (কর্মক্ষেত্রে গাঁজা)**।
- NYC-এর স্থানীয় আইন গাঁজা ব্যবহারের জন্য প্রাক-কর্মসংস্থান পরীক্ষা নিষিদ্ধ করে।
  - আরো তথ্যের জন্য, **nyc.gov/dcas**-এ যান এবং সন্ধান করুন **"cannabis testing" (গাঁজার পরীক্ষা)**।

শিশু কল্যাণ

- আইনগত গাঁজা রাখা বা ব্যবহার শিশুর হেফাজত বা সাক্ষাৎ অস্বীকার করার কারণ হিসাবে ব্যবহার করা যাবে না।
- বাড়িতে শিশু বা নবযুবকদের সাথে বসবাসকারী যে কাউকে নিরাপদে তাদের গাঁজা এবং গাঁজাজাত পণ্যগুলিকে শিশু এবং নবযুবকদের দৃষ্টি ও নাগালের বাইরে সংরক্ষণ করতে হবে।

আবাসন ব্যবস্থা

- গাঁজা ব্যবহারের কারণে ব্যক্তিগত বাড়িওয়ালারা আবাসন ব্যবস্থায় অস্বীকার করতে পারেন না।
- ব্যক্তিগত ভবনের নীতিগুলি বাড়ির ভিতরে ধূমপান এবং ভ্যাপিং সীমিত বা নিষিদ্ধ করতে পারে। আপনার ইজারা বা ভবনের নিয়মগুলি যাচাই করুন।

- নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority, NYCHA)-এর ধূমপান-মুক্ত নীতি রয়েছে যা সম্পত্তিতে তামাক ও গাঁজার ধূমপান এবং ভ্যাপিং নিষিদ্ধ করে। সরকারী আবাসন যা একটি ফেডারেল প্রোগ্রামের অংশ তা ফেডারেল আইনের অধীনে পড়ে যা গাঁজা এবং গাঁজাজাত পণ্য রাখা ও ব্যবহার নিষিদ্ধ করে।

পরোক্ষ ধূমপানের সংস্পর্শে আসা

- গাঁজা সহ যে কোনো পণ্যের ধূমপান এবং ভ্যাপিং করা, ভবনগুলির সর্বজনীন এলাকায় এবং বেশিরভাগ কর্মক্ষেত্রে অনুমোদিত নয়। ধূমপান এবং ভ্যাপিং অনুমোদিত নয় এমন অন্যান্য এলাকার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে রেস্তোরাঁ, বার এবং পার্ক ও সমুদ্র সৈকতের মতো সর্বজনীন এলাকা, কিন্তু এটি এতেই সীমাবদ্ধ নয়।



- ধোঁয়া-মুক্ত বায়ু আইন. সম্পর্কে আরও জানতে, **nyc.gov/health/tobaccocontrol**-এ যান।
- ধূমপান লঙ্ঘন সম্পর্কে অভিযোগ দায়ের করতে, **311**-এ কল করুন অথবা **portal.311.nyc.gov**-এ যান এবং সন্ধান করুন **"smoking complaint" (ধূমপান-সম্পর্কিত অভিযোগ)**।

ফৌজদারি আইনি ব্যবস্থা

- অতীতের গাঁজা সংক্রান্ত অপরাধ যা নতুন আইনের অধীনে আর বেআইনি নয়, সেগুলি ব্যক্তিদের রেকর্ড থেকে অপসারণ করা হবে (মুছে ফেলা হবে)।
    - এই প্রক্রিয়াটি স্বয়ংক্রিয়, তাই রেকর্ড এর জন্য ব্যক্তিটির দ্বারা কোনো পদক্ষেপের প্রয়োজন নেই।
    - রেকর্ডগুলি অপসারণ করতে (মুছে ফেলতে) দুই বছর পর্যন্ত সময় লাগতে পারে।
- নতুন আইন গাঁজার গন্ধের উপর ভিত্তি করে একটি গাড়ির তল্লাশিকে সেইসব স্থানে সীমাবদ্ধ করে যেখানে একজন ড্রাইভার সহজেই পৌঁছাতে পারে।
- নতুন আইনের অধীনে, একজন ব্যক্তির গাঁজার আইনী ব্যবহার স্টেট বা স্থানীয় প্যারোল বা প্রবেশন সংক্রান্ত সিদ্ধান্তে বিবেচনা করা যাবে না।
- নতুন আইনের অধীনে পরিবর্তিত গাঁজা অপরাধের জন্য ব্যক্তিরা আদালত থেকে তাদের বর্তমান সাজা কমাতে সক্ষম হতে পারে।
    - মামলাটি প্রয়োজনীয় আইনি যোগ্যতা পূরণ করলে আদালত বর্তমান সাজা কমাতে পারে।
    - অপসারণ করার (নতুন আইনের কারণে ব্যক্তিদের রেকর্ড থেকে মুছে ফেলা) মতো, পুনরায় সাজা নির্ধারণ করা (নতুন আইনের কারণে একটি সাজা সামঞ্জস্য করা) স্বয়ংক্রিয় নয়। পুনরায় সাজা নির্ধারণ করানোর জন্য একজন আইনজীবীকে আদালতে প্রস্তাব দাখিল করতে হয়।

অভিবাসন

- ফেডারেল আইনের অধীনে গাঁজা এখনও অবৈধ। গাঁজা আইন লঙ্ঘন এখনও গুরুতর অভিবাসন-সংক্রান্ত সমস্যা সৃষ্টি করতে পারে।
- আরো তথ্যের জন্য, সন্ধান করুন অভিবাসন আইনি পরিষেবাসমূহ। তথ্য পেতে এবং সহায়তার সাথে যুক্ত হতে, সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা পর্যন্ত, সিটি-অর্থায়িত, বিনামূল্য এবং নিরাপদ ActionNYC হটলাইনে 800-354-0365 নম্বরে বা **311**-এ কল করুন এবং বলুন "ActionNYC" (অ্যাকশনএনওয়াইসি)।

বিনামূল্যের আইনি সহায়তার জন্য, আইনি পদক্ষেপ কেন্দ্র (212-243-1313), আইনি সাহায্যের সোসাইটি (212-577-3300), আইনি পরিষেবাসমূহ NYC (917-661-4500) বা জনস্বার্থের জন্য নিউ ইয়র্ক আইনজীবীগণ (212-244-4664) এর সাথে যোগাযোগ করুন। আরো তথ্যের জন্য, **311**-এ কল করুন।

আরও তথ্যের জন্য, **nyc.gov/health** -এ যান এবং **"cannabis" (গাঁজা)** অনুসন্ধান করুন।

NYC Health